দর্শনায় ইটভাটার শ্রমিকদের

সঙ্গে জামায়াত প্রার্থীর

গণসংযোগ

চুয়াডাঙ্গার দর্শনায় পাঁচটি ইটভাটার শ্রমিকদের সঙ্গে নির্বাচনী গণসংযোগ করেছেন চুয়াডাঙ্গা-২ আসনের জামায়াতে ইসলামীর সংসদ সদস্য প্রার্থী রুহুল আমিন। তিনি দাঁড়িপাল্লা প্রতীকে ভোট প্রার্থনা করেন।

শনিবার (২৪ জানুয়ারি) সকাল ৭টা থেকে ১০টা পর্যন্ত দর্শনা পৌর এলাকার পাঁচটি ইটভাটায় কর্মরত সাধারণ শ্রমিকদের সঙ্গে সরাসরি গণসংযোগ করেন তিনি। এ সময় শ্রমিকদের সঙ্গে মতবিনিময় করেন এবং ভোট ও দোয়া প্রার্থনা করেন।

গণসংযোগকালে উপস্থিত ছিলেন জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি আব্দুল কাদের, সুপ্রিম কোর্টের আইনজীবী রকেট শাহজাহান, অ্যাডভোকেট আসাদুল্লাহ, ইসলামী ছাত্রশিবিরের জেলা সভাপতি সাগর আহমেদ এবং দর্শনা পৌরসভার আমির শাহিকুল আলম অপু প্রমুখ।

দর্শনায় পোলিং এজেন্টদের

প্রশিক্ষণ দিলেন ধানের শীষের প্রার্থী বাবু

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে চুয়াডাঙ্গা-২ আসনের পোলিং এজেন্টদের নিয়ে এক নিবিড় প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল ১১টায় চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা থানা ও পৌর এলাকার পোলিং এজেন্টদের নিয়ে দর্শনা অংকুর আদর্শ বিদ্যালয় প্রাঙ্গণে এই কর্মশালাটি অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা-২ আসনে ধানের শীষ প্রতীকের মনোনীত প্রার্থী ও চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি মাহমুদ হাসান খান বাবু নিজে উপস্থিত থেকে এই প্রশিক্ষণের উদ্বোধন করেন এবং এজেন্টদের প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করেন।

প্রশিক্ষণ কর্মশালায় উপস্থিত এজেন্টদের আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের ভোট গ্রহণ কার্যক্রম এবং ভোটকেন্দ্রের সার্বিক ব্যবস্থাপনা বিষয়ে বিশদ ধারণা দেওয়া হয়। নির্বাচনের দিন একজন পোলিং এজেন্টের দায়িত্ব, ভোট গণনার সময় সতর্কতা এবং আইনগত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন বক্তারা।

কর্মশালায় প্রধান ট্রেনার হিসেবে উপস্থিত ছিলেন মাহমুদ হাসান খান বাবুর নির্বাচনী প্রধান এজেন্ট ড. আব্দুস সবুর। তিনি পোলিং এজেন্টদের করণীয় ও বর্জনীয় বিষয়গুলো নিয়ে সুনির্দিষ্ট গাইডলাইন প্রদান করেন।

ড. সবুর বলেন, “ভোটের দিন প্রতিটি কেন্দ্রে এজেন্টদের অতন্দ্র প্রহরীর মতো দায়িত্ব পালন করতে হবে যাতে জনগণের ভোটের সঠিক প্রতিফলন ঘটে।”

প্রশিক্ষণ কর্মশালায় সহকারী ট্রেনার হিসেবে দায়িত্ব পালন করেন জেলা কৃষকদলের আহ্বায়ক মোকাররম হোসেন। তিনি হাতে-কলমে নির্বাচনী ফর্ম পূরণ ও কারিগরি বিষয়গুলো এজেন্টদের বুঝিয়ে বলেন।

চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি ও ধানের শীষের প্রার্থী মাহমুদ হাসান খান বাবু তার বক্তব্যে বলেন,”সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন নিশ্চিত করতে পোলিং এজেন্টদের ভূমিকা অপরিসীম। কেন্দ্রে কোনো প্রকার অনিয়ম হতে দেওয়া যাবে না। সাহসের সাথে আইন অনুযায়ী আপনাদের ওপর অর্পিত দায়িত্ব পালন করতে হবে।”

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে দর্শনা থানা বিএনপির সভাপতি খাজা আবুল হাসনাত সহ চুয়াডাঙ্গা জেলা ও স্থানীয় বিএনপির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। কর্মশালায় দর্শনা থানার বিভিন্ন ইউনিয়নের কয়েকশ পোলিং এজেন্ট অংশগ্রহণ করেন। সংশ্লিষ্টরা মনে করছেন, এই প্রশিক্ষণের মাধ্যমে ধানের শীষের কর্মীরা নির্বাচনী মাঠে আরও দক্ষ ও সজাগ ভূমিকা পালন করতে পারবেন।

দামুড়হুদায় ওরা বন্ধু সংঘ’র উদ্যোগে শীতবস্ত্র উপহার কম্বল বিতরণ

“হাসবো মোরা প্রাণ খুলে, থাকবো বেঁচে সবাই মিলে”- এই শ্লোগানে দামুড়হুদার ওরা বন্ধু সংঘ’র উদ্যোগে শীতবস্ত্র উপহার কম্বল বিতরণ করা হয়েছে। একই সাথে স্বেচ্ছাসেবী সংগঠন বন্ধু সংঘ’র পূর্ব ঘোষিত ৪ দিনব্যাপী শীতবস্ত্র উপহার বিতরণের কর্মসূচীর সমাপনী করা হয়।

সাংগঠনের পক্ষ থেকে জানানো হয়েছে, এর আগে ১১ দামুড়হুদা সদর ও হাওলি ইউনিয়নের বিভিন্ন গ্রামের বিধবা, এতিম, অসহায় ও দিনমজুর পরিবারের মাঝে শীতবস্ত্র উপহার বিতরণের মাধ্যমে তার দিন পারু কর্মসূচি সুবোধ পালন করা হয়েছিলেন।

এরই ধারাবাহিকতায় গতকাল বিকাল সাড়ে ৩ টায় উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের হুদাপাড়া সীমান্তবর্তী গ্রামে সংগঠনের ও প্রতিষ্ঠাতা সভাপতি, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মুরশেদ বীন ফয়সাল (তানজির)- এর সভাপতিত্বে এলাকার বিধবা, ভিক্ষুক, অসহায় দিনমজুর পরিবারের মাঝে শীতবস্ত্র উপহার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,বিশিষ্ট সমাজ সেবক দেশ ব্রিকস এর স্বত্বাধিকারী হাজী মো:আব্দুল কাদির।শীত বস্ত্র বিতরণের মহতী উদ্যোগ কারো কারো জীবনে বড় কষ্ট দূর করতে পারেন উল্লেখ করে শীতবস্তুফার বিতরণের পূর্বে সংক্ষিপ্ত বক্তব্য তিনি বলেন, শীত মৌসুমের কনকনে শীতে তাদের অসহায়ত্ব আমাদের বিবেককে নাড়া দেয়। আমাদের প্রত্যেকের সামর্থ্য অনুযায়ী এমন মহৎ উদ্যোগ বাস্তবায়নে সংগঠন কিংবা ব্যক্তির পাশে থাকা আমাদের নৈতিক ও সামাজিক দায়িত্ব।

তিনি আরও বলেন, আজকের এই আয়োজনে সংগঠনের বন্ধু হয়েছেন যারা তাদের সকলের ব্যক্তিগতভাবে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। সর্বোপরি

সংগঠনটির এমন প্রচেষ্টা আর্ত মানবতার সেবায় অবদান রাখবেন বলে বিশ্বাস করি।

ওরা বন্ধু সংঘ’র সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক, প্রেসক্লাবের সহ-সভাপতি মিরাজুল ইসলাম মিরাজ এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,ইঞ্জিনিয়ার আক্তারুল ইসলাম ইউপি সদস্য নূর মোহাম্মদ,সংগঠনের সহ-সভাপতি আসলাম মিয়া প্রমুখ।

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ইঞ্জিনিয়ার সাজু আহমেদ, সাব্বির হোসেন, শেখ হাতেম, জহুরুল ইসলাম, সজল আহমেদ সহ উপস্থিত উপকারভোগী নারী-পুরুষ।

এমন সকল মানবিক কর্মসূচি বাস্তবায়নে সমাজের সচ্ছল, ধনী ব্যক্তিদের পাশে দাঁড়ানোর উদাত্ত আহ্বান জানিয়ে সংগঠনের প্রতিষ্ঠাতা ও সভাপতি মুরশেদ বিন ফয়সাল (তানজির) বলেন, শীত মৌসুমে বাংলাদেশে শৈত্য প্রবাহ ও সংশ্লিষ্ট কারণে প্রতিবছর প্রায় ২’শ ৮১ জন মানুষের মৃত্যু হয়।

আমাদের দেশে তাই তিন কোটিরও বেশি মানুষ মানবতার জীবন যাপন করে আসছেন শীতবস্ত্রের অভাবে, যদিও আমাদের মৌলিক চাহিদাগুলোর মধ্যে বস্ত্র অন্যতম। তিনি আরো বলেন, বিভিন্ন অনিয়ম-দুর্নীতি আর অর্থ পাচারের মাধ্যমে লুটেরা ধনিক শ্রেণীর সংখ্যা দিন দিন বৃদ্ধি পেলেও অসচ্ছল নিম্নবিত্ত পরিবারগুলো পূর্বের ন্যায় একই রয়ে গেছেন। অপ্রিয় হলেও সত্য যে,৭১,৯০ ও ২৪ বারবার মানুষের স্বপ্ন,আশা কিংবা আকাঙ্ক্ষা ধুলিস্যাৎ হয়েছে।কাজেই সমাজের মানুষ হিসেবে আমাদের দায়বদ্ধতা থেকেই”ওরা বন্ধু সংঘ”সমাজের পিছিয়ে পড়া মানুষের জন্য শীতবস্ত্র উপহার তুলে দিচ্ছেন।

আলমডাঙ্গায় নিখোঁজের ৪ দিন পর রাজশাহী মেডিকেলে পাওয়া গেল

এনামুলের লাশ

আলমডাঙ্গা হাঁপানিয়া গ্রামের অতিপরিচিত মুখ লুডুর নিথর দেহ নিখোঁজের ৪ দিন পর পাওয়া গেছে রাজশাহী মেডিকেল হসপিটাল মর্গে।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার চিৎলা ইউনিয়নের হাঁপালিয়া গ্রামের অতিপরিচিত মুখ এনামুল হক লুডু গত ১৩ ই জানুয়ারি রাজশাহী মেডিকেল হসপিটালে উন্নত চিকিৎসার উদ্দেশ্যে বাড়ি থেকে রওনা দেন। ১৮ ই জানুয়ারি চিকিৎসা শেষে বাড়ি ফেরার কথা ছিল। কিন্তু লুডু বাড়ি ফিরে না আসায় এবং মোবাইল ফোন বন্ধ থাকায় বাড়ির লোকজন দুশ্চিন্তায় পড়ে।

গত ১৯ শে জানুয়ারি এনামুল হক লুডুর জামাতা মাহাফুজুর রহমান রাজশাহী রাজাপাড়া থানায় নিখিত ডায়রি করেন।

গত ২০ শে জানুয়ারি সকালে রাজাপাড়া থানার অফিসার ইনচার্জ আশরাফুল ইসলাম মোবাইল ফোনে একটা অজ্ঞাত ব্যাক্তির লাশ উদ্ধার হয়েছে বলে খবর দেন।

এনামূল হক লুডুর পরিবারের লোকজন হসপিটালের মর্গে লাশ সনাক্ত করেন। গত ১৮ ই জানুয়ারি সড়ক দুর্ঘটনায় আহত হয়ে হসপিটালে ভর্তি করে এলাকার লোকজন। সেখানেই তার মৃত্যু হয় বলে জানা গেছে।

গতকাল সন্ধ্যায় তার লাশ গ্রামে পৌছালে এলাকায় শোকের ছায়া নেমে আসে। হাজার হাজার এলাকার লোকজন একঝলক দেখার জন্য ছুটে আসে। বাদ এশা গ্রামের কবরস্থানে নামাজের জানাজা শেষে দাফনকাজ সম্পন্ন হয়েছে বলে জানা গেছে।

দর্শনায় চাঞ্চল্যকর চুরির মামলায় প্রধান আসামীসহ

গ্রেফতার ৩

দর্শনা থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে চাঞ্চল্যকর চুরি মামলায় প্রধান আসামীসহ ৩ জনকে গ্রেফতার করেছে।

গতকাল শুক্রবার দুপুরে দর্শনা থানার অফিসার ইনচার্জ মেহেদী হাসানের নেতৃত্বে অভিযান চালায় দর্শনা পৌরসভার শান্তিপাড়ায়। এ সময় দর্শনা থানা পুলিশ চাঞ্চল্যকর চুরি মামলার প্রধান আসামী শান্তিপাড়ার জয়নাল আবেদীনের ছেলে রাশেদ মিয়া ওরফে বাবু(২৮) দর্শনা দক্ষিণচাঁদপুর বাসস্ট্যান্ডপাড়ার রুহুল আমীনের ছেলে হাসানুজ্জামান হাসান(৩০),ও তিতুদহ গ্রামের মহিউদ্দীনের ছেলে (২) মোঃ বিপ্লব হোসেনকে (২৫) নিজ নিজ বাড়ি থেকে গ্রেফতার করে।

এদের বিরুদ্ধে চুয়াডাঙ্গা দর্শনা থানায় জিআর-১৮১/১৩, প্রসেস নং- ২৬৭/২৪ এবং দর্শনা থানা এলাকার বিভিন্ন চাঞ্চলকর চুরি মামলা রয়েছে। গতকালই তাদেরকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরণ করা হয়েছে।

আলমডাঙ্গায় সাংবাদিকদের সঙ্গে জামায়াত প্রার্থীর মতবিনিময়

আলমডাঙ্গায় সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করলেন চুয়াডাঙ্গা-১ আসনের জামায়াত প্রার্থী অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল। আলমডাঙ্গায় সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় সভায় অংশ নেন চুয়াডাঙ্গা ১আসনের জামায়াতে ইসলামীর মনোনীত প্রার্থী অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল।

গতকাল সকাল সাড়ে নয়টার দিকে আলমডাঙ্গা শহরের হ্যামলেট ক্যাফে মতবিনিময় সভায় অংশ নেন। এ সময় সাংবাদিকদের সাথে মতবিনিময়ের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে দাঁড়িপাল্লা প্রতীকের প্রচার কার্যক্রম শুরু করেন।

এসময় তিনি নির্বাচিত হলে এলাকার সার্বিক উন্নয়নে বিভিন্ন পরিকল্পনা ও উন্নয়নমূলক কাজ বাস্তবায়নের আশ্বাস দেন।

মতবিনিময়কালে তিনি বলেন, জনগণের মৌলিক অধিকার নিশ্চিত করা, সুশাসন প্রতিষ্ঠা, কর্মসংস্থান সৃষ্টি, শিক্ষা ও স্বাস্থ্যসেবার মানোন্নয়নই তার রাজনীতির প্রধান লক্ষ্য। এছাড়াও আলমডাঙ্গা স্টেশনের ওভারব্রিজ নির্মান, মা ও শিশু হসপিটাল নির্মান, কৃষকদের বিনাসুদে ঋণ দেওয়াসহ বিভিন্ন কর্মপরিকল্পনার কথা তুলে ধরেন। পাশাপাশি এলাকার অবহেলিত জনগোষ্ঠীর উন্নয়ন ও ন্যায়ভিত্তিক সমাজ গঠনে কাজ করার প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

সভায় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ১ আসন নির্বাচন বিভাগের পরিচালক শেখ নূর মোহাম্মদ হোসাইন টিপু, জেলা আইন আদালত সম্পাদক সাবেক নাগদাহ ইউপি চেয়ারম্যান দারুস সালাম, আলমডাঙ্গা উপজেলা আমির প্রভাষক শফিউল আলম বকুল, আলমডাঙ্গা পৌর আমির মাহের আলী, উপজেলা সেক্রেটারি মামুন রেজা, পৌর সেক্রেটারি মুসলিম উদ্দিনসহ প্রমুখ।

সভা শেষে উপস্থিত সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন তিনি। নির্বাচনে রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ হিসেবে সাংবাদিকদের সহোযোগিতা চাওয়ার পাশাপাশি নিজের রাজনৈতিক অবস্থান ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরেন।মতবিনিময় সভায় আলমডাঙ্গার ইলেকট্রিক ও প্রিন্ট মিডিয়ার বিভিন্ন সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় বিলুপ্তপ্রায় মেছোবিড়াল উদ্ধার, বনবিভাগে হস্তান্তর

আলমডাঙ্গায় একটি বিলুপ্তপ্রায় মেছোবিড়াল উদ্ধার করে বনবিভাগের জিম্মায় হস্তান্তর করা হয়েছে। জীববৈচিত্র্য সংরক্ষণ যুব সংস্থার ছয় সদস্যের সক্রিয় উপস্থিতিতে উদ্ধারকৃত মেছোবিড়ালটি মনোহরদিয়া থানাফাঁড়ির ইনচার্জ এসআই আশরাফ আলীর মাধ্যমে কুষ্টিয়া রেঞ্জের বনবিভাগের কাছে হস্তান্তর করা হয়।

এ সময় সংশ্লিষ্টরা জানান, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য রক্ষা করা শুধু দায়িত্ব নয়, এটি সবার নৈতিক কর্তব্য। প্রকৃতি ও প্রাণবৈচিত্র্য সংরক্ষণে দল, মত, ধর্ম ও বর্ণের ভেদাভেদ ভুলে সম্মিলিতভাবে এগিয়ে আসার আহ্বান জানান তারা।

তারা আরও বলেন, পরিবেশ ও প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করতে পারলেই ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি বাসযোগ্য পৃথিবী নিশ্চিত করা সম্ভব। তাই সচেতনতা বৃদ্ধি এবং দায়িত্বশীল ভূমিকা রাখার বিকল্প নেই।

মেছোবিড়ালটি বনবিভাগের কর্মকর্তাদের নিকট হস্তান্তরের সময় উপস্থিত ছিলেন জীববৈচিত্র্য সংরক্ষণ যুব সংস্থার সভাপতি সাঈদ এম হিরণ, সাধারণ সম্পাদক শাকিল আহমেদ, সহ-সম্পাদক মাহমুদুল হাসান এবং সাংগঠনিক সম্পাদক আরাফাত প্রমুখ।

জীবননগরে নির্বাচনী প্রচারণা শুরু করলেন জামায়াত প্রার্থী রুহুল আমিন

চুয়াডাঙ্গা-২ আসনের জামায়াতে ইসলামীর মনোনীত প্রার্থী ও জেলা জামায়াতে ইসলামীর আমির মো. রুহুল আমিন বীর মুক্তিযোদ্ধাদের কবর জিয়ারত করে আনুষ্ঠানিকভাবে তাঁর নির্বাচনী প্রচারণা শুরু করেন। পরে তিনি জীবননগরে কর্মরত সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় সভায় অংশ নেন।

বৃহস্পতিবার (২২ জানুয়ারি) সকাল ১০টার দিকে জীবননগর উপজেলা জামায়াতে ইসলামীর কার্যালয়ে এই মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন জীবননগর উপজেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি মাহফুজুর রহমান।

মতবিনিময় সভায় রুহুল আমিন আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নিজের নির্বাচনী অঙ্গীকার, উন্নয়ন ভাবনা এবং এলাকার বিভিন্ন

সমস্যা ও সম্ভাবনা নিয়ে আলোচনা করেন। তিনি বলেন, জনগণের কল্যাণে একটি কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা, স্থলবন্দর বাস্তবায়ন, জনগণের অধিকার প্রতিষ্ঠা, সুশাসন নিশ্চিতকরণ এবং দুর্নীতিমুক্ত সমাজ গঠনে তিনি কাজ করতে চান। এ সময় তিনি সাংবাদিকদের ভূমিকা ও সহযোগিতার প্রতি গুরুত্ব আরোপ করেন।

মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা মাজলিসুল মুফাসসিরিন সূরা সভাপতি হাফিজুর রহমান, সাবেক জেলা আমীর আনারুল হক মানিক, জেলা নায়েবে আমীর আজিজুর রহমান, উপজেলা নায়েবে আমীর শাখাওয়াত হোসেন, জীবননগর প্রেসক্লাবের সভাপতি এম. আর. বাবু, সাধারণ সম্পাদক নুর আলম, সাংবাদিক সালাউদ্দিন কাজল, নারায়ণ ভৌমিক, কাজী শামসুর রহমান, আকিমুল ইসলাম, মিঠুন মাহমুদ, জামাল হোসেন খোকন, এম. আই. মুকুল, জাহাঙ্গীর আলম, বশির উদ্দিন বিশ্বাস, মুন্সী রায়হান উদ্দিন, তুহিনুজ্জামান, মুতাসিন বিল্লাহ, হাসান নিলয়, দাউদ হোসেন প্রমুখ।

দর্শনা প্রেসক্লাবে সাংবাদিকদের সঙ্গে জামায়াত প্রার্থীর মতবিনিময়

হাট-ঘাট, বিল-বাঁওড় দখল করে ব্যক্তিগতভাবে সম্পদশালী হওয়ার রাজনীতি আমরা করি না এবং করিওনি। আমরা চাই একটি দুর্নীতিমুক্ত ও ন্যায়ভিত্তিক সমাজ গড়তে, যেখানে সাধারণ মানুষের ন্যায্য অধিকার নিশ্চিত হবে” এমন মন্তব্য করেছেন চুয়াডাঙ্গা-২ আসনে জামায়াতে ইসলামীর মনোনীত সংসদ সদস্য প্রার্থী ও আইনজীবী রুহুল আমিন।

বৃহস্পতিবার (২২ জানুয়ারি) সকাল ১১টায় চুয়াডাঙ্গা দর্শনা প্রেসক্লাবে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন।

রুহুল আমিন বলেন, আপনাদের চাওয়া আর আমার চাওয়ার মধ্যে কোনো পার্থক্য নেই। যখন দুই পক্ষের লক্ষ্য এক হয়, তখন সফলতা আসবেই ইনশাল্লাহ। আমরা দেশ থেকে দালালমুক্ত রাজনীতি প্রতিষ্ঠা করতে

চাই। দালালনির্ভর ও লুটপাটনির্ভর রাজনীতি বন্ধ করা জরুরি। জনগণের ভোটাধিকার ও মতপ্রকাশের স্বাধীনতা ফিরিয়ে দেওয়াই আমাদের প্রধান অঙ্গীকার।

তিনি আরও বলেন, গত ১৭ বছরে চুয়াডাঙ্গা-২ নির্বাচনী এলাকায় প্রকৃত কোনো টেকসই উন্নয়ন হয়নি। হয়েছে ব্যক্তি উন্নয়ন। কেউ কেউ সাধারণ মানুষের রক্ত চুষে খেয়ে রাজপ্রাসাদ গড়েছে, কিন্তু সাধারণ মানুষের ভাগ্যের কোনো পরিবর্তন হয়নি।

একটি প্রবাদ উল্লেখ করে তিনি বলেন, ঘটি-বাটি পরে গাধা হাসে যারা নিজেরাই ব্যর্থ, তারাই আজ বড় বড় উন্নয়নের কথা বলে। জনগণ এখন সচেতন, তারা আর প্রতারণায় বিশ্বাস করবে না।

রুহুল আমিন বলেন, আমরা ক্ষমতার রাজনীতি নয়, সেবার রাজনীতি করতে চাই। ন্যায়বিচার, সততা ও জবাবদিহিতার ভিত্তিতে মানবিক সমাজ গড়াই জামায়াতে ইসলামীর লক্ষ্য।

মতবিনিময় সভায় জেলা জামায়াতের নায়েবে আমীর হাফিজুর রহমান, সহকারী সেক্রেটারি আব্দুল কাদের, দর্শনা পৌর আমীর সাহিকুল আলম অপু, জাহিদুল ইসলামসহ দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির নেতৃবৃন্দ এবং বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় সাংবাদিকদের সঙ্গে জামায়াত প্রার্থীর মতবিনিময়

দামুড়হুদায় ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৬ প্রচারণার সূচনা উপলক্ষে চুয়াডাঙ্গা-২ আসনের জামায়াতে ইসলামীর প্রার্থী রুহুল আমীনের সঙ্গে দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বেলা ১২টার সময় প্রেসক্লাবের সভাকক্ষে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের জামায়াতে ইসলামীর মনোনীত দাঁড়িপাল্লা প্রতীকের সংসদ সদস্য প্রার্থী ও জেলা জামায়াতে ইসলামীর আমীর রুহুল আমীন। তিনি বাংলাদেশ জামায়াতে ইসলামীর প্রার্থী হিসেবে নির্বাচনী প্রস্তুতির বিভিন্ন দিক সাংবাদিকদের সামনে তুলে ধরেন।

মতবিনিময় সভায় রুহুল আমীন বলেন, একটি অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন দেশের গণতন্ত্রের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। দুর্নীতির বিষয়ে আমাদের জিরো টলারেন্স নীতি রয়েছে।

তিনি আরও বলেন, জনগণের কল্যাণে একটি কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা, জীবননগরে স্থলবন্দর বাস্তবায়ন, জনগণের অধিকার প্রতিষ্ঠা, সুশাসন নিশ্চিতকরণ এবং দুর্নীতিমুক্ত সমাজ গঠনে তিনি কাজ করতে চান।

তিনি আরও বলেন, জনগণের অধিকার নিশ্চিত করতে সাংবাদিকদের ভূমিকা অনস্বীকার্য। সত্য ও বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের মাধ্যমে নির্বাচনকে সঠিক পথে পরিচালিত করতে সাংবাদিকদের নিরপেক্ষভাবে সংবাদ পরিবেশনের আহ্বান জানান। নির্বাচিত হলে তিনি এলাকার শিক্ষা, কর্মসংস্থান, নৈতিকতা ও সামাজিক উন্নয়নে অগ্রাধিকার দিয়ে কাজ করবেন বলেও জানান। পাশাপাশি দুর্নীতি ও অনিয়মমুক্ত সমাজ গঠনে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।

সভায় উপস্থিত সাংবাদিকরা বিভিন্ন সমসাময়িক রাজনৈতিক বিষয়, নির্বাচনী পরিবেশ ও উন্নয়ন পরিকল্পনা নিয়ে প্রশ্ন করেন। এ সময় প্রার্থী রুহুল আমীন সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা মাজলিসুল মুফাসসিরিন সূরা সভাপতি হাফিজুর রহমান, সাবেক জেলা আমীর আনারুল হক মানিক, জেলা নায়েবে আমীর আজিজুর রহমান, দামুড়হুদা উপজেলা আমীর নায়েব আলী, সেক্রেটারি আবেদ উদদৌলা টিটন, সহকারী সেক্রেটারি রফিকুল ইসলাম জিয়া, সদর ইউনিয়ন আমীর আবুল কাশেম প্রমুখ।

মতবিনিময় সভায় দামুড়হুদা প্রেসক্লাবের প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকরা উপস্থিত ছিলেন।